# রাজশাহী সিটি কর্পোরেশন
# রাজশাহী

## অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব এ.এইচ.এম.খায়রুজ্জামান লিটন, মাননীয় মেয়র, রাজশাহী সিটি কর্পোরেশন |
| সভার তারিখ | ঃ | **২২ মাঘ ১৪৩০ বাংলা, ০৫ ফেব্রুয়ারী ২০২৪খ্রিঃ তারিখ রোজ সোমবার** |
| সময় | ঃ | বৈকাল ০৩:০০ ঘটিকায় |
| স্থান | ঃ | সরিৎ দত্ত গুপ্ত সভা কক্ষ |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ “ক”

রাজশাহী সিটি কর্পোরেশনের সামগ্রিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও বাস্তবায়নের নিমিত্ত এ সভার আয়োজন করা হয়। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে আলোচনা শুরু করেন। বিগত সভা সমূহের আলোচনা ও পর্যালোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নরূপ প্রস্তাব গৃহীত হয়।

আলোচ্য সূচী ঃ **১। জুলাই-২০২৩ হতে ডিসেম্বর-২০২৩ পর্যন্ত প্রকৃত আয় ও ব্যয় এর উপর আলোচনা।**

আলোচনা ঃ সদস্য সচিব ও বাজেট-কাম-হিসাব রক্ষণ কর্মকর্তা ২০২৩-২০২৪ অর্থ বছরের জুলাই-২০২৩ হতে ডিসেম্বর-২০২৩ পর্যন্ত রাজস্ব খাতের প্রকৃত আয় হয়েছে ৩৯,৫২,৬৬,৭৬২.৪৯ (ঊনচল্লিশ কোটি বায়ান্ন লক্ষ ছেষট্টি হাজার সাতশত বাষট্টি টাকা ঊনপঞ্চাশ পয়সা) টাকা ও আগত তহবিলের ২৬,৬৩,২৬,৩০৫.৯৫ (ছাব্বিশ কোটি তেষট্টি লক্ষ ছাব্বিশ হাজার তিনশত পাঁচ টাকা পঁচানব্বই পয়সা) টাকা সহ মোট ৬৬,১৫,৯৩,০৬৮.৪৪ (ছেষট্টি কোটি পনের লক্ষ তিরানব্বই হাজার আটষট্টি টাকা চুয়াল্লিশ পয়শা) টাকা রাজস্ব আয় এবং সমাপ্তি তহবিল সহ মোট ৬৬,১৫,৯৩,০৬৮.৪৪ (ছেষট্টি কোটি পনের লক্ষ তিরানব্বই হাজার আটষট্টি টাকা চুয়াল্লিশ পয়শা) টাকা রাজস্ব ব্যয় হয়েছে বলে জানান। তিনি গত ২০২২-২০২৩ অর্থবছরে একই সময়ে আগত তহবিল সহ রাজস্ব আয় ৫৭,৩০,১৭,০৮৩.০৯ (সাতান্ন কোটি ত্রিশ লক্ষ সতের হাজার তিরাশি টাকা নয় পয়সা) টাকা এবং সমাপ্তি তহবিল সহ ৫৭,৩০,১৭,০৮৩.০৯ (সাতান্ন কোটি ত্রিশ লক্ষ সতের হাজার তিরাশি টাকা নয় পয়সা) টাকা ব্যয় হয়েছে বলে জানান।

**গৃহীত প্রস্তাব** ঃ সভায় সদস্য সচিব কর্তৃক উপস্থাপিত ২০২৩-২০২৪ অর্থ বছরের জুলাই-২৩ হতে ডিসেম্বর-২৩ পর্যন্ত রাজস্ব খাতের আয় ও ব্যয় বিবরনী অনুমোদনের জন্যে সাধারন সভায় উপস্থাপনের প্রস্তাব গ্রহীত হয়।

আলোচ্য সূচী ঃ **২। শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান নার্সিং কলেজ স্থাপন এফডিআর জমা করণ ও এর ব্যয় প্রসঙ্গে আলোচনা ও প্রস্তাব।**

**আলোচনা ঃ** সভায় মাননীয় মেয়র জানান, ইতোমধ্যে রাজশাহী মহানগরীতে আর্থসামাজিক ব্যবস্থার প্রেক্ষাপটে যুযোপযোগী শিক্ষা বিস্তারের জন্য নার্সিং কলেজ স্থাপন প্রক্রিয়া শুরু হয়েছে। এটি রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের আওতাভুক্ত একটি বিএসসি নার্সিং কলেজ হবে। নার্সিং কলেজের প্রাথমিক ভাবে অধিভুক্তি ফি বাবদ ১,৫০,০০০/- টাকা, এফডিআর, ডিপ্লোমা ইন মিডওয়াইফারি বাবদ ৪০,০০,০০০/- টাকা, এফডিআর, ডিপ্লোমা ইন নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারি বাবদ ২৫,০০,০০০/- টাকা, এফডিআর, বিএসসি ইন নার্সিং অনার্স বাবদ ৩০,০০,০০০/- টাকা, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদন ফি বাবদ ৪৫,০০০/- টাকা, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক অধিভুক্তি ফি বাবদ ২,৫০,০০০/- টাকা এবং আনুষাঙ্গিক বাবদ ৩,০০,০০০/- টাকা সহ মোট =১,০২,৪৫,০০০/- (এক কোটি দুই লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা মাত্র। বর্তমানে স্বপ্নচুড়া প্লাজায় এ প্রতিষ্ঠানের ক্লাসরুম হবে। প্রাথমিক ভাবে এ প্রতিষ্ঠানের আহ্বায়ক/প্রধান পরামর্শক হিসেবে স্বানামধন্য রাজশাহী কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর মহাঃ হবিবুর রহমান কে দায়িত্ব প্রদান করা হয়েছে। এছাড়া উক্ত নার্সিং কলেজের আয় ও ব্যয় নির্বাহের জন্য একটি পৃথক ব্যাংক হিসাব অগ্রণী ব্যাংক লিঃ, নগর ভবন শাখায় খোলা হয়েছে। সভায় উপস্থিত সদস্যগণ মাননীয় মেয়রের এই উদ্যোগকে একটি অনন্য স্বাস্থ্য ব্যবস্থা উন্নয়নের জন্য যুগান্তকারী পদক্ষেপ বলে অভিহিত করেন।

**গৃহীত প্রস্তাব ঃ** সভায় শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান নার্সিং কলেজ স্থাপনের জন্য =১,০২,৪৫,০০০/- (এক কোটি দুই লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকার প্রতিষ্ঠানের ব্যয় রাজশাহী সিটি কর্পোরেশনের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত ও নার্সিং কলেজের নামে একটি ব্যাংক হিসাব খোলার প্রস্তাব করে তা ভুতাপেক্ষ অনুমোদনের জন্য আগামী সাধারণ সভায় উপস্থাপনের প্রস্তাব গৃহীত হয়।

**আলোচ্যসুচী ঃ ৩। রাজশাহী সিটি কর্পোরেশন ইমপ্লয়মেন্ট স্কিল ডেভেলপমেন্ট ট্রেনিং সেন্টারের জন্য ব্যয় প্রসঙ্গে আলোচনা ও প্রস্তাব।**

**আলোচনা ঃ** সভায় মাননীয় মেয়র জানান, ইতোমধ্যে রাজশাহী মহানগরীতে বেকারত্বের সংখ্যা অনেক বৃদ্ধি পেয়েছে। সেই সকল বেকারদের বেকারত্ব দুর করার লক্ষ্যে রাজশাহী সিটি কর্পোরেশন ইমপ্লয়মেন্ট স্কিল ডেভেলপমেন্ট ট্রেনিং সেন্টার স্থাপন প্রক্রিয়া শুরু হয়েছে। তিনি আরো বলেন, আগামী দিনে এই প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে রাজশাহী মহানগরী সহ অত্র অঞ্চলের বেকার শিক্ষিত যুবকদের দেশ বিদেশে কর্মসংস্থান হবে বলে আশাব্যক্ত করেন। রাজশাহী সিটি কর্পোরেশন ইমপ্লয়মেন্ট স্কিল ডেভেলপমেন্ট ট্রেনিং সেন্টারের আয় ও ব্যয় নির্বাহের জন্য একটি পৃথক ব্যাংক হিসাব অগ্রণী ব্যাংক লিঃ, নগর ভবন শাখায় খোলা হয়েছে। যার মাধ্যমে প্রশিক্ষণার্থিদের ভর্তি ফি জমা হবে এবং উক্ত হিসাব হতে প্রশিক্ষকদের সম্মানী/পারিশ্রমিক সহ আনুষঙ্গীক ব্যয় নির্বাহ করা হবে। সম্মানিত সদস্য জনাব মোঃ নিযাম উল আযীম, প্যানেল মেয়র-১, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২১ জানান, রাজশাহী সিটি কর্পোরেশন ইমপ্লয়মেন্ট স্কিল ডেভেলপমেন্ট ট্রেনিং সেন্টারের জন্য কম্পিউটার সহ আসবাবপত্র ক্রয় বাবদ প্রায় ৫৬,০০,০০০/- (ছাপান্ন লক্ষ) টাকার একটি প্রাকলন প্রস্তাব করা হয়েছে। উক্ত ব্যয় কর্পোরেশনের নিজস্ব (রাজস্ব/উন্নয়ন) তহবিল হতে নির্বাহ করার জন্য প্রস্তাব করেন। প্রাথমিক ভাবে এ প্রতিষ্ঠানের আহ্বায়ক/প্রধান পরামর্শক হিসেবে স্বানামধন্য রাজশাহী কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর মহাঃ হবিবুর রহমান কে দায়িত্ব প্রদান করা হয়েছে। সভায় উপস্থিত সদস্যগণ মাননীয় মেয়রের এই উদ্যোগকে একটি অনন্য শিক্ষা ব্যবস্থা উন্নয়নের জন্য যুগান্তকারী পদক্ষেপ বলে অভিহিত করেন।

**গৃহীত প্রস্তাব ঃ** সভায় রাজশাহী সিটি কর্পোরেশন ইমপ্লয়মেন্ট স্কিল ডেভেলপমেন্ট ট্রেনিং সেন্টার স্থাপনের জন্য কম্পিউটার সহ আসবাবপত্র ক্রয় বাবদ প্রায় ৫৬ (ছাপান্ন লক্ষ) টাকা সহ অন্যান্য ব্যয় রাজশাহী সিটি কর্পোরেশনের নিজস্ব (রাজস্ব/উন্নয়ন) তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া প্রাথমিক ভাবে এ প্রতিষ্ঠানের ভর্তি ফি বাবদ যে আয় হয়েছে তা প্রতিষ্ঠানের প্রশিক্ষকগণের সম্মানী/পারিশ্রমিক প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে তা অনুমোদনের জন্য আগামী সাধারণ সভায় উপস্থাপনের প্রস্তাব গৃহীত হয়।

**আলোচ্যসুচী ঃ ৪। জনাব মোঃ শাহিনুল ইসলাম খান, প্রধান নগর পরিকল্পনাবিদ হিসেবে (পরামর্শক) নিয়োগ প্রসঙ্গে আলোচনা ও প্রস্তাব।**

**আলোচনা ঃ** এ বিষয়ে সচিব মহোদয় জানান, রাজশাহী সিটি কর্পোরেশনের অভিপ্রায় অনুযায়ী স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন-২০০৯ এর ৫৩নং ধারা অনুসরণে সম্ভাব্য উন্নয়ন পরিকল্পনায় রাজশাহী মহানগরীর সম্প্রসারিত এলাকায় নতুন আঙ্গিকে স্থাপত্যবলায় দৃষ্টিনন্দন ভাবে কারিগরী দৃষ্টিকোন থেকে টেকসই প্রযুক্তির প্রয়োজনে স্থাপত্য নকশা পরিকল্পনা প্রতিবেদন তৈরীর জন্য অভিজ্ঞ, দক্ষ প্রধান নগর পরিকল্পনাবিদ অস্থায়ীভাবে নিয়োগ দেয়া প্রয়োজন। তিনি জানান জনাব মোঃ শাহিনুল ইসলাম খান ইতিপূর্বে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের প্রধান নগর পরিকল্পনাবিদ হিসেবে সর্বশেষ কাজ করেছেন। তাঁকে এ কাজে নিয়োজিত করলে কর্পোরেশন এ কাজে সফল হবে। সভায় মাননীয় মেয়র বলেন, এধরণের কাজে দক্ষ ও অভিজ্ঞতা সম্পন্ন লোকের পরামর্শক হিসেবে নিয়োজিত করলে অনেক পরিমান পারিশ্রমিক দিতে হয়। কিন্তু তাঁর অভিজ্ঞতা ও কর্মদক্ষতা ও সিটি কর্পোরেশনের আর্থিক দিক বিবেচনায় নিয়ে তাঁকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পারিশ্রমিক প্রদান করা যেতে পারে। উপস্থিত সকল সদস্য মাননীয় মেয়রের বক্তব্যের সাথে একমত পোষণ করেন।

**গৃহীত প্রস্তাব ঃ** সভায় জনাব মোঃ শাহিনুল ইসলাম খান কে সম্পুর্ণ অস্থায়ীভাবে জানুয়ারী-২০২৪ মাস থেকে আগামী ৩৬ মাসের জন্য প্রতি মাসে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পারিশ্রমিক রাজস্ব তহবিল থেকে প্রদানের প্রস্তাব করে তা ভুতাপেক্ষ অনুমোদনের জন্য আগামী সাধারণ সভায় উপস্থাপনের প্রস্তাব গৃহীত হয়।

**আলোচ্যসুচী ঃ ৫। বেসরকারী হোল্ডিং এর জরিপ কার্যক্রম অগ্রগতি সম্পর্কে অবহিত করণ প্রসঙ্গে আলোচনা ও প্রস্তাব।**

**আলোচনা ঃ** সভায় প্রধান রাজস্ব কর্মকর্তা জানান, এ পর্যন্ত ৪০% বেসরকারী হোল্ডিং জরীপ হয়েছে। আশা করা যায় পবিত্র রমজান শুরুর আগে জরিপ কার্য প্রাথমিক ভাবে সম্পন্ন হতে পারে। এর পর যাঁচাই বাছাই ও ডাটাএন্ট্রি কাজ সহ পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

**গৃহীত প্রস্তাব ঃ** সভায় মাননীয় মেয়র জরিপ কার্যক্রমে কোন অনিয়ম না হয় সে দিকে লক্ষ্য রাখার জন্য প্রধান রাজস্ব কর্মকর্তা নিদের্শনা প্রদান করে তা অনুমোদনের জন্য আগামী সাধারণ সভায় উপস্থাপনের প্রস্তাব গৃহীত হয়।

**আলোচ্যসুচী ঃ ৬। শেখ রাসেল পার্ক এর টিকিট মূল্য নির্ধারণ প্রসঙ্গে আলোচনা ও প্রস্তাব।**

**আলোচনা ঃ** সভায় প্রধান রাজস্ব কর্মকর্তা জানান, ইতিমধ্যে কর্তৃপক্ষের মৌখিক নির্দেশক্রমে শেখ রাসেল পার্কের টিকিট মূল্য ২০/- (কুড়ি) টাকা নির্ধারণ করে আদায় চলমান রয়েছে। তিনি এ বিষয়ে ভুতাপেক্ষ ভাবে অনুমোদনের জন্য সভায় অনুরোধ জানান।

**গৃহীত প্রস্তাব ঃ** সভায় শেখ রাসেল পার্কের টিকিট মূল্য ২০/- (কুড়ি) টাকা নির্ধারণের প্রস্তাব করে তা ভুতাপেক্ষ অনুমোদনের জন্য আগামী সাধারণ সভায় উপস্থাপনের প্রস্তাব গৃহীত হয়।

**আলোচ্যসুচী ঃ ৭। অগ্রণী ব্যাংক লিঃ, নগর ভবন শাখার এটিএম বুথ স্থাপনে ৮৮ বর্গফুট জায়গার ভাড়া নির্ধারণ প্রসঙ্গে** আলোচনা ও প্রস্তাব।

**আলোচনা ঃ** সভায় প্রধান রাজস্ব কর্মকর্তা জানান, অগ্রণী ব্যাংক লিঃ, নগর ভবন শাখার এ.টি.এম বুথ স্থাপনের জন্য ৮৮ বর্গফুট জায়গায় বরাদ্দ চেয়েছেন। সম্মানিত সদস্য জনাব মোঃ নিযাম উল আযীম, প্যানেল মেয়র-**১**, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-**২১** জানতে চান, ইতপূর্বে এধরণের ভাড়া দেয়া হয়েছে কিনা? প্রধান রাজস্ব কর্মকর্তা জানান, মিডল্যান্ড ব্যাংক কে ব্যাংকের নিজস্ব খরচে ডেকোরেশন/নির্মাণ করার শর্তে আরবান সেন্টারে **১**২,০০০/- (বার হাজার) টাকা মাসিক ভাড়ায় অনুরূপ জায়গা ভাড়া দেয়া হয়েছে।

**গৃহীত প্রস্তাব ঃ** সভায় উহা পর্যালোচনা করে নগর ভবন চত্ত্বরে জনগনের গুরুত্ব বিবেচনা করে অগ্রণী ব্যাংক লিঃ, নগর ভবন শাখাকে ব্যাংকের নিজস্ব খরচে ডেকোরেশন/নির্মাণ করার শর্তে ৮৮ বর্গফুট জায়গা মাসিক ভাড়া =**১**৫,০০০/- (পনের হাজার) টাকা নির্ধারণ করে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য প্রধান রাজস্ব কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করে তা অনুমোদনের জন্য আগামী সাধারণ সভায় উপস্থাপনের প্রস্তাব গৃহীত হয়।

**আলোচ্যসুচী ঃ ৮। বরাদ্দ পাওয়া এক্সেভেটর এর দৈনিক ভাড়া নির্ধারণ প্রসঙ্গে আলোচনা ও প্রস্তাব।**

**আলোচনা ঃ** সভায় সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) জনাব শাহেদুর রহমান জীবন জানান, মন্ত্রণালয় থেকে কতগুলো এক্সেভেটর পাওয়া গেছে। এটি মাঝারী সাইজের। ছোটগুলি ৬,০০০/-(ছয় হাজার) টাকায়, বড়গুলি ৮,০০০/- (আট হাজার) টাকায় দৈনিক ভাড়া রয়েছে। এছাড়া প্রযোজ্য ভ্যাট রয়েছে।

**গৃহীত প্রস্তাব ঃ** সভায় উহা পর্যালোচনা করে বরাদ্দ পাওয়া এক্সেভেটর এর দৈনিক ভাড়া ৭,০০০/- (সাত হাজার) টাকা সহ প্রযোজ্য ভ্যাট যুক্ত করে ভাড়া প্রদানের প্রস্তাব করে তা অনুমোদনের জন্য আগামী সাধারণ সভায় উপস্থাপনের প্রস্তাব গৃহীত হয়।

**আলোচ্যসুচী ঃ ৯। সিটি হাসপাতালে অবৈতনিক/ভিজিটিং ফিজিও থেরাপি কনসালটেন্ট এর শর্তসাপেক্ষে কাজ করার অনুমতি এবং ফিজিও থেরাপির হার নির্ধারণ প্রসঙ্গে আলোচনা ও প্রস্তাব।**

**আলোচনা ঃ** এ বিষয়ে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা জানান, সিটি হাসপাতালে ফিজিও থেরাপি কনসালটেন্ট না থাকায় বাইরে থেকে ভিজিটিং ফিজিও থেরাপি কনসালটেন্ট এনে হাসাপাতালের সেবা বৃদ্ধি করা যেতে পারে। সভায় উহা পর্যালোচনা করা হয়।

**গৃহীত প্রস্তাব ঃ** সভায় প্রধান স্বাস্থ্য কর্মকর্তা কর্তৃক উপস্থাপিত ফিজিও থেরাপি কনসালটেন্ট ভিজিটিং কনসালটেন্ট নিয়োজিত করণের প্রস্তাব করে তা অনুমোদনের জন্য আগামী সাধারণ সভায় উপস্থাপনের প্রস্তাব গৃহীত হয়।

**আলোচ্যসুচী ঃ ১০। ২০২৪-২০২৫ অর্থ বছরে কার্য্যকরের জন্য পঞ্চবার্ষিক সরকারী হোল্ডিং এর জরিপ কার্যক্রম শুরু করণ প্রসঙ্গে আলোচনা ও প্রস্তাব।**

**আলোচনা ঃ** সভায় প্রধান রাজস্ব কর্মকর্তা জানান, ২০২৪-২০২৫ অর্থ বছরে বেসরকারী হোল্ডিং এর ব্যয় সরকারী হোল্ডিং এর পৌরকর কার্যকর করার জন্য সরকারী প্রায় ৩০০টি হোল্ডিং পূণঃ জরিপ করার প্রয়োজন। ইতিমধ্যে বছর শেষে এর মেয়াদ শেষ হবে। সভায় উহা পর্যালোচনা করা হয়।

**গৃহীত প্রস্তাব ঃ** সভায় নিয়ম অনুযায়ী ৫(পাঁচ) বছর পর পর জরিপ করে পূণঃ কর নির্ধারণ বাধ্যবাধকতা থাকায় সরকারী হোল্ডিং এর জরিপ কার্যক্রম শুরু করণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সময় স্বল্পতার কারণে অদ্যকার সভা আগামী ০৬.০২.২০২৪ তারিখ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত মুলতবী ঘোষনা করেন।

(এ.এইচ.এম. খায়রুজ্জামান লিটন)
মেয়র
ও
সভাপতি
অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি
রাজশাহী সিটি কর্পোরেশন

**স্মারক নং- ৪৬.১২.০০০০.০০৪.২৪.১৭৬-৫৬৬(ক)** **তারিখ-০৫.০২.২০২৪খ্রিঃ**

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল ঃ

১। জনাব/বেগম ........................................................................................ সম্মানিত কাউন্সিলর, সাধারণ আসন, ওয়ার্ড নং-........... সংরক্ষিত আসন, জোন নং-............ রাজশাহী সিটি কর্পোরেশন।
২। ........................................................................................ বিভাগীয় প্রধান, রাজশাহী সিটি কর্পোরেশন।
৩। মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন।
৪। ........................................................................................ শাখা প্রধান, রাজশাহী সিটি কর্পোরেশন।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তার সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন।
৬। অফিস কপি।

(মোঃ শফিকুল ইসলাম খান)
বাজেট কাম-হিসাব রক্ষণ কর্মকর্তা
ও
সদস্য সচিব
অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি
রাজশাহী সিটি কর্পোরেশন।

০৫/০২/২০২৪